

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২-শাখা।  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

নং-৪৬.০০.০০০০.০৬৪.১৫.১২৯.২২- ২৩৭

তারিখঃ ২৪/০৪/২০২৪ খ্রি।

বিষয়ঃ চাঁদপুর জেলার মতলব পৌরসভার পৌর ভবন নির্মাণের নিমিত্ত ডিজাইন ও প্রাক্কলন অনুমোদন  
প্রসঙ্গে।


সূত্রঃ ১) মতলব পৌরসভার স্মারক নং-৯৭, তারিখঃ ২৫/১০/২০২৩ খ্রি।

২) এলজিইডি'র স্মারক নং-৪৬.০২.০০০০.৩০১.৯৯.০৬৮.১৯-১৮৩৮, তারিখঃ ১৯/০৩/২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে প্রধান প্রকৌশলী, এলজিইডি'র মতামতের আলোকে চাঁদপুর জেলার মতলব পৌরসভার পৌরভবন নির্মাণের ৬,৮১,৬১,৭১১.০০ (ছয় কোটি একাশি লক্ষ একষট্টি হাজার সাতশত এগার) টাকার প্রাক্কলনটি নির্দেশক্রমে অনুমোদন করা হলো। উল্লেখ্য, স্থানীয় সরকার বিভাগের ০৯/০২/২০১৬ তারিখের ৪৬.০০.০০০০.০৬৪.২০.০০৪.১৬-১১৩ নং স্মারক মূলে পৌরভবন নির্মাণ সংক্রান্ত পরিপত্র অনুযায়ী 'বি' টাইপ পৌরভবন নির্মাণের জন্য ৩,২৪,৩০,৬৪৫.০০ (তিন কোটি চব্বিশ লক্ষ ত্রিশ হাজার ছয়শত পঁয়তাল্লিশ) টাকা বরাদ্দ প্রদান করা হবে। অতিরিক্ত (৬,৮১,৬১,৭১১.০০-৩,২৪,৩০,৬৪৫.০০)=৩,৫৭,৩১,০৬৬/- (তিন কোটি সাতান্ন লক্ষ একত্রিশ হাজার ছেষট্টি) টাকা মতলব পৌরসভার রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করতে হবে।

০২। পিপিআর, ২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ), পিপিএ এবং এ সংক্রান্ত বিদ্যমান অন্যান্য সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক e-GP-তে দরপত্র আহবান করতঃ দরপত্র অনুমোদনের প্রস্তাব নির্ধারিত ফরম অনুযায়ী প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে .....ফর্দ।

  
২৪/০৪/২৪  
(ড. সালমা সিদ্দিকা)  
উপসচিব  
ফোনঃ ০২-২২৩৩৫৫৫৭২  
E-Mail: [lgpaura2@lgd.gov.bd](mailto:lgpaura2@lgd.gov.bd)

মেয়র  
মতলব পৌরসভা  
চাঁদপুর।

অনুলিপি :

- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।